উপজেলা পরিষদ
ভৈরব, কিশোরগঞ্জ
www.bhairab.kishoreganj.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

## জুন ২০১৮ মাসের সাধারণ সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি: | মো: গিয়াস উদ্দিন, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভৈরব, কিশোরগঞ্জ |
| সভায় স্থান: | উপজেলা পরিষদ সভাকক্ষ (২য় তলা), ভৈরব, কিশোরগঞ্জ |
| সভার সূচি: | ১১ জুন ২০১৮; বেলা ১২:০০ ঘটিকা |
| সভার উপস্থিতি: | পরিশিষ্ট 'ক' |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি নির্ধারিত কার্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য উপজেলা পরিষদের মুখ্য নির্বাহী কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন। শুরুতে গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এ পর্যায়ে বিভিন্ন দপ্তরের মাসিক কার্যক্রম সংশ্লিষ্ট দপ্তর ও সংস্থা প্রধান সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১. | স্বাস্থ্য অধিদপ্তর, ভৈরব<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, জলাতঙ্ক রোগ থেকে মুক্তির জন্য ভৈরব উপজেলার আনুমানিক ৮৫% কুকুরকে টিকা প্রদান করা হয়েছে। ভৈরব উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর শয্যা সংখ্যা ৫০ হতে বাড়িয়ে ১০০ করার উদ্যোগ নেওয়া হয়েছে। অচিরেই এ সংক্রান্ত কার্যক্রম শুরুর ব্যাপারে তিনি আশাবাদ ব্যক্ত করেন। তিনি আরও জানান, ভৈরবে ট্রমা সেন্টারের নির্মাণ কাজ এগিয়ে চলেছে। হাসপাতাল সম্প্রসারণ কাজ চলার সময় তাঁর কম্পাউন্ডে উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তরকে জায়গা দেওয়া কষ্টসাধ্য হবে উল্লেখ করে তিনি পরিবার পরিকল্পনা অফিস অন্যত্র সরিয়ে নেওয়ার অনুরোধ করেন। এছাড়া তাঁর দাপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br><br>পরিবার পরিকল্পনা অফিস নিজস্ব ভবন বা ভাড়াবাড়িতে স্থানান্তর করা যায়। | ▫ উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা<br>▫ উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ২. | পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ভৈরব<br>উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলমান রয়েছে। মে ২০১৮ মাসের অগ্রগতির মধ্যে স্থানীয় পদ্ধতি গ্রহণকারী পুরুষ ০২ জন, মহিলা ৪০ জন, আইইউডি ১৭ ও ইমপ্লান্ট ১৬ জন। উক্ত সেবার অগ্রগতি এপ্রিল ২০১৮ মাসের তুলনায় কিছুটা কম। মোট পদ্ধতি গ্রহণকারীর হার ৮১.৪১%, কাজের অগ্রগতি বাড়াতে মাঠ পর্যায়ে মনিটারিং কার্যক্রম গতিশীল করার জন্য সভায় গুরুত্বারোপ করা হয়।<br><br>উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সম্প্রসারণের সম্ভাবনা তৈরি হওয়ায় নিজস্ব ভবন বা ভাড়াবাড়িতে উপজেলা পরিবার পরিকল্পনা অফিসের কার্যক্রম সরিয়ে নেওয়া যেতে পারে। | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br><br>পরিবার পরিকল্পনা অফিস নিজস্ব ভবন বা ভাড়াবাড়িতে স্থানান্তর করা যায়। | ▫ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ৩. | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ভৈরব<br>উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, বর্তমান মৌসুমে সারের কোন সংকট নাই। বিভিন্ন প্রকল্পের উন্নয়নমূলক কার্যক্রম দ্রুত গতিতে এগিয়ে চলছে। বিভাগীয় অন্যান্য কাজ যথারীতিতে চলছে। ভৈরব উপজেলায় এবছর ৬১৫০ হেক্টর জমিতে বোরো আবাদ হয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী বোরো উৎপাদিত হয়েছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। | ▫ উপজেলা কৃষি কর্মকর্তা |
| ৪. | প্রাণিসম্পদ অধিদপ্তর, ভৈরব<br>উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, জাটকা রক্ষায় উপজেলাধীন বিভিন্ন আড়তে বাজারগুলি নজরদারি করা হয় যাতে জাটকা বিক্রয় না করতে পারে। বিভিন্ন আড়ৎ এবং হাট-বাজারে অভিযান এবং মোবাইল কোর্ট | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে এবং | ▫ উপজেলা নির্বাহী অফিসার ও |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | পরিচালনা করা হয়। এছাড়া স্থানীয় হাট-বাজারের ফরমালিন বিরোধী অভিযান পরিচালনা ও মৎস্য ও পশুখাদ্য আইন নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে। জুলাই-ডিসেম্বর মাসে ৯ ইঞ্চির চেয়ে ছোট পোনা মাছ শিকার নিষিদ্ধ জানিয়ে তিনি এ নিষেধাজ্ঞা প্রতিপালনে সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে পরিচালিত হচ্ছে। | মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করতে হবে। | ▫ উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ৫. | <u>প্রাণিসম্পদ অধিদপ্তর, ভৈরব</u><br>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি অনুযায়ী দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। ভৈরব উপজেলায় ন্যাশনাল রেবিস কন্ট্রোল প্রোগ্রামের আওতায় টিকা প্রদান কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন হয়েছে। এই কর্মসূচি বাস্তবায়িত হলে বাংলাদেশে জলাতঙ্ক রোগের প্রকোপ হ্রাস পাবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন।<br><br>তিনি বলেন, ভৈরব উপজেলায় পশু জবাইয়ের জন্য কোন স্বাস্থ্যসম্মত 'পশু জবাইখানা' (Slaughtering House) না থাকায় অস্বাস্থ্যকর পরিবেশে পশু জবাই ও প্রক্রিয়াজাত করা হচ্ছে ফলে বিভিন্ন স্বাস্থ্যঝুকির সৃষ্টি হচ্ছে। তিনি অবিলম্বে ভৈরব পৌরসভা এবং প্রতিটি ইউনিয়নে একটি করে 'পশু জবাইখানা' স্থাপনের প্রস্তাব করেন। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করতে হবে।<br><br>পৌরসভায় একটি পশু জবাইখানা স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, ভৈরব পৌরসভা এবং প্রতিটি ইউনিয়নে একটি করে পশু জবাইখানা নির্মাণের উদ্যোগ গ্রহণের জন্য ইউনিয়ন চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়। | ▫ উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা<br><br>▫ মেয়র, ভৈরব পৌরসভা<br>▫ চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) |
| ৬. | <u>স্থানীয় সরকার বিভাগ</u><br><u>স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ভৈরব</u><br>১. কালিপুর উত্তরপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় ভবনের ঠিকাদারকে বারবার তাগিদ দেওয়া সত্ত্বেও কাজ সম্পন্ন করছে না মর্মে উপজেলা প্রকৌশলী সভায় জানান। বাকী কাজ সম্পন্ন করতে আনুমানিক ১৫ দিন সময় লাগতে পারে।<br><br>২. শিমুলকান্দি ভূমি অফিস নির্মাণের জন্য ইতোমধ্যে স্থান নির্বাচন ও ঠিকাদার নিয়োগ করা হয়েছে। ঈদ-উল-ফিতরের পরে কাজ শুরু হবে মর্মে উপজেলা প্রকৌশলী আশাবাদ ব্যক্ত করেন।<br><br>৩. ভৈরব উপজেলা মুক্তিযোদ্ধা কমপ্লেক্স ভবনের নির্মাণ কাজ সন্তোষজনক গতিতে এগিয়ে চলছে। এ পর্যন্ত ২০% কাজ সম্পন্ন হয়েছে মর্মে উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন।<br><br>৪. ভৈরব স্টেডিয়াম হতে শিমুলকান্দি ভায়া মেন্দিপুর রাস্তার মেরামত কাজের গতি বৃদ্ধির ব্যাপারে সভায় আলোচনা করা হয়।<br><br>৫. গজারিয়া বাজার হতে মানিকদী পর্যন্ত এবং কালিকাপ্রাসাদ ইউনিয়নের আদর্শগ্রাম এলাকার রাস্তার উন্নয়ন কাজ সম্বন্ধে সুস্পষ্ট অগ্রগতি সভায় জানা যায়নি।<br><br>৬. গজারিয়া জিসি - কুলিয়ারচর হেড কোয়ার্টার রাস্তার ৫৩০০ মি. চেইনগেজে কালী নদীর উপর ৫২০.৬০ পিসি গার্ডার ব্রিজ নির্মাণ কাজের অগ্রগতি ৫৫% ভাগ মর্মে উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন।<br><br>৭. জোয়ানশাহী হাওড়ে স্লুইস গেট নির্মাণের বাপারে কোন অগ্রগতি নেই। এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ গ্রহণের ব্যাপারে সভাপতি সংশ্লিষ্টদের তাগিদ প্রদান করেন। | বাকী কাজ দ্রুত সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়।<br><br>কাজের গুণগত মান বজায় রাখার উপর জোর দেওয়া হয়।<br><br>গুণগত মান বজায় রেখে আগামী ৩০ জুন ২০১৮ এর মধ্যে সকল প্রকল্পে কাজ শেষ করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | ▫ উপজেলা প্রকৌশলী<br><br>▫ উপজেলা নির্বাহী অফিসার<br><br>▫ উপজেলা প্রকৌশলী |
| ৭. | <u>দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ভৈরব</u><br>উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২য় পর্যায়ের অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচির কাজ চলমান রয়েছে। এছাড়া ২য় পর্যায়ের কাবিখা ও টিআর এর কাজ প্রক্রিয়াধীন রয়েছে। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। | ▫ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | অগ্রাধিকার তালিকা প্রস্তুত করতে অনুরোধ করা হয়। এছাড়া তাঁর দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে।<br><br>দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর হতে ভৈরবে দু'টি রাস্তা এইচবিবিকরণ এর কাজ চলছে। এর মধ্যে পানাউল্লাচর-শিবপুর রাস্তাটির কাজের মান নিয়ে চেয়ারম্যান, শিবপুর ইউনিয়ন পরিষদ অসন্তোষ প্রকাশ করেন। | কাজের গুণগত মান নিশ্চিত করার জন্য প্রকল্প বাস্তবায়ন | |
| ৮. | সমাজসেবা অধিদপ্তর, ভৈরব<br>উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। ইলেকট্রনিক মাধ্যমে ভাতা পরিশোধের নিমিত্ত প্রস্তুতিমূলক কার্যক্রম চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন। বিভিন্ন প্রকার ভাতা ভোগীদের তালিকা অবিলম্বে ইউপি চেয়ারম্যানদের সরবরাহ করাসহ নতুন ভাতা ভোগী বই দ্রুত বিতরণের ব্যবস্থা করা হবে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করতে হবে। | ▫ উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ৯. | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর<br>উপজেলা শিক্ষা কর্মকর্তার কার্যালয়, ভৈরব<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, মুক্তিযোদ্ধা ফয়সাল আহমেদ প্রাথমিক বিদ্যালয়ের টিনের চাল কালবৈশাখী ঝড়ে উড়ে গেছে। এ প্রেক্ষিতে জরুরিভাবে বিদ্যালয়টির টিনের চাল মেরামতের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের 'অপ্রত্যাশিত খাতে ব্যয়' হতে ৫০,০০০ টাকা আর্থিক সহায়তা প্রদান করায় তিনি পরিষদের সম্মানিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করেন।<br><br>এছাড়া, তিনি কালিপুর উত্তরপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় ভবন নির্মাণের কাজের অগ্রগতির ব্যাপাও অসন্তোষ প্রকাশ করেন এবং গুণগত মান ঠিক রেখে জরুরিভিত্তিতে কাজটি সম্পন্ন করার জন্য তিনি সংশ্লিষ্টদের অনুরোধ করেন। | উপজেলা প্রকৌশলীকে কাজটির গুণগত মান নিশ্চিত করার অনুরোধ করা হয়।<br><br>গুণগত মান বজায় রেখে দ্রুতগতিতে বিদ্যালয়টির নির্মাণ কাজ শেষ করতে হবে। | ▫ মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>▫ উপজেলা প্রকৌশলী<br>▫ উপজেলা শিক্ষা কর্মকর্তা |
| ১০. | মহিলা বিষয়ক অধিদপ্তর, ভৈরব<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, মাতৃত্বকালীনসহ অন্যান্য সকল ভাতার কার্যক্রম সুষ্ঠুভাবে অব্যাহত আছে। সন্ত্রাস ও জঙ্গীবাদ নিরোধ, মাদকাসক্তি নিরোধ, নারী নির্যাতন প্রতিরোধ এবং বাল্যবিবাহ প্রতিরোধ সংক্রান্ত প্রচারণামূলক সভা/উঠান বৈঠক আয়োজন করা হচ্ছে। এছাড়া তাঁর দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করতে হবে। | ▫ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১১. | যুব উন্নয়ন অধিদপ্তর, ভৈরব<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ভৈরব উপজেলায় ২০১৭-২০১৮ অর্থ বছরে মোট ১৫০ জনকে বিভিন্ন ক্ষেত্রে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২০১৭-১৮ অর্থবছরে ৩০০ জনকে রাজস্ব খাতের অর্থ ব্যয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণের পরিমাণ ১,৮০,২২,৫০০ টাকা এবং আদায় ১,৩১,৩৬,৩৭৭ টাকা। এছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করতে হবে। | ▫ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১২. | স্থানীয় সরকার বিভাগ<br>(খ) জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর, ভৈরব<br>সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশলী অধিদপ্তর আজও সভায় অনুপস্থিত থাকায় অসন্তোষ প্রকাশ করা হয়। পূর্বের সভায় অনুপস্থিত থাকায় তাকে তার প্রতিনিধি উপ-সহকারী প্রকৌশলীর মাধ্যমে পরবর্তী সভাগুলোতে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলেও তিনি আজ অনুপস্থিত রয়েছেন। উপস্থিত উপ-সহকারী প্রকৌশলী জানান যে, বিশুদ্ধ পানি সরবরাহ করার জন্য ভৈরব পৌরসভায় ১৬ কিমি পাইপ লাইন স্থাপনের কাজ চলছে। এছাড়া ঐ দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলমান রয়েছে। | সুষ্ঠুভাবে দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করতে হবে। | ▫ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১৩. | <u>পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ</u><br><u>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, ভৈরব</u><br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান, মূল কর্মসূচির সাথে অন্যান্য প্রকল্পের আওতায় ২০১৭-২০১৮ অর্থ বছরে ১,২২,৭৫,০০০ টাকা ঋণ বিতরণ করা হয়েছে এবং ১,১০,৮৭,০০০ ঋণ আদায় করা হয়েছে। আদায়ের হার ৯৩%।<br><br>একটি বাড়ি একটি খামার প্রকল্পের আওতায় ১১১টি সমিতির মোট ৫,২৮৩ জন সদস্যের ক্রমপুঞ্জিত ঋণ বিতরণের পরিমাণ ৯,০১,২৫,০০০ টাকা এবং ক্রমপুঞ্জিত ঋণ আদায়ের পরিমাণ ৫,৪৭,৬৩,০০০ টাকা। আদায়ের হার ৬১%। খেলাপী ঋণের পরিমাণ ১,৩৩,২৭,০০০ টাকা।<br><br>পল্লী জীবিকায়ন প্রকল্প (২য় পর্যায়) আওতায় ৯৩টি সমিতির মোট ১,৫৪০ জন সদস্যের ক্রমপুঞ্জিত ঋণ বিতরণের পরিমাণ ৩,৩১,১৯,০০০ টাকা এবং ক্রমপুঞ্জিত ঋণ আদায়ের পরিমাণ ২,৫৩,২৪,০০০ টাকা। আদায়ের হার ৯৩%। খেলাপী ঋণের পরিমাণ ১৪,১৯,০০০ টাকা। এছাড়া তার কার্যালয়ের সকল কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। | ▫ উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা<br>▫ উপজেলা সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামার |
| ১৪. | <u>পরিবেশ ও বন মন্ত্রণালয়</u><br><u>ফরেস্টার/ডেপুটি রেঞ্জ অফিসার এর কার্যালয়, ভৈরব</u><br>ফরেস্টার, সামাজিক বনায়ন নার্সারী কেন্দ্র সভায় জানান যে, ভৈরব উপজেলার কালিকাপ্রসাদ, গজারিয়া, শিমুলকান্দি এবং শ্রীনগর ইউনিয়নের ৬টি সংযোগ সড়কে ১৩ কিমি রাস্তায় সামাজিক বনায়ন কর্মসূচির মাধ্যমে বাগান সৃজন করা হয়। রাস্তা সম্প্রসারণের জন্য এসব গাছের মধ্যে কিছু গাছ অপসারন করা প্রয়োজন। তিনি কোন প্রজ্ঞাপনমূলে, কোন প্রক্রিয়ায় এ গাছ বিক্রি করা হবে তা সভায় উপস্থাপন করতে পারেননি। এ কাজটি তরান্বিত করার জন্য চেয়ারম্যান, শিমুলকান্দি, গজারিয়া ও শ্রীনগর ইউনিয়ন পরিষদ সভায় অনুরোধ করলেও সুর্নির্দিষ্ট নীতিমালার অভাবে কোন অগ্রগতি অর্জন করা গেল না। পরবর্তী সভায় বিষয়টি নিয়ে পুনরায় আলোচনা হতে পারে। | ফরেস্টার মহোদয়কে সামাজিক বনায়নের মাধ্যমে সৃজিত বৃক্ষ উন্নয়নমূলক কার্যক্রম পরিচালনার জন্য কাটার ব্যাপারে প্রয়োজনীয় বিধি বিধান উপস্থাপনের জন্য ফরেস্টারকে অনুরোধ করা হয়। | ▫ উপজেলা বন কর্মকর্তা |
| ১৫. | <u>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয়, ভৈরব</u><br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বলেন যে, মাধ্যমিক বিদ্যালয় এবং মাদ্রাসার শিক্ষকদের জন্য কারিকুলামের উপর প্রশিক্ষণ কার্যক্রম চলছে। ময়মনসিংহে প্রতিষ্ঠান প্রধানদের প্রশিক্ষণ চলছে। শিক্ষা মন্ত্রণালয়ের সেসিপ প্রোগ্রাম থেকে এ উপজেলার মাধ্যমিক পর্যায়ের ২৬ টি শিক্ষা প্রতিষ্ঠানে ১১৭ টি আইটেমের ১০১৮ টি বৈজ্ঞানিক যন্ত্রপাতির সেট বিতরণ করা হয়েছে। এছাড়া তাঁর কার্যালয়ের সকল কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। | ▫ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা |
| ১৬. | <u>উপজেলা সমবায় বিভাগ</u><br><u>উপজেলা সমবায় কর্মকর্তার কার্যালয়, ভৈরব</u><br>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান, বর্তমানে আশ্রয়ণ প্রকল্পে মোট ঋণ বিতরণ হয় ১০,৯৫,০০০ টাকা এবং মোট আদায় করা হয় ৬,৯৫,৩৭৪ টাকা। এছাড়া তার কার্যালয়ের অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। | ▫ উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৭. | <u>ভৈরব পৌরসভা, ভৈরব</u><br>ভৈরব পৌরসভার মেয়র বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় পৌরসভার কার্যক্রম সম্বন্ধে অবহিত হওয়া গেল না। | পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ▫ মেয়র, ভৈরব পৌরসভা, ভৈরব |
| ১৯. | <u>ইউনিয়ন পরিষদ, আগানগর</u><br>চেয়ারম্যান, আগানগর ইউনিয়ন পরিষদের পক্ষে উপস্থিত পরিষদ সচিব বলেন, তাঁর ইউনিয়নের কার্যক্রম যথাযথভাবে চলছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। | ▫ চেয়ারম্যান ও সচিব, আগানগর ইউনিয়ন পরিষদ |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | | | |
| ২২. | <u>ইউনিয়ন পরিষদ, কালিকাপ্রসাদ</u><br>চেয়ারম্যান, কালিকাপ্রসাদ ইউনিয়ন পরিষদ বলেন, তাঁর ইউনিয়নের কার্যক্রম যথাযথভাবে চলছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। | ▫ চেয়ারম্যান ও সচিব,কালিকাপ্রসাদ ইউনিয়ন পরিষদ |
| ২১. | <u>ইউনিয়ন পরিষদ, গজারিয়া</u><br>চেয়ারম্যান, গজারিয়া ইউনিয়ন পরিষদ বলেন, মানিকদী পুরানগাঁও এলাকার রইছ মিয়া এবং ওয়াইজ উদ্দিন মিয়া রাস্তা ভেঙ্গে ফেলেছে। উপজেলা প্রকৌশলীকে তা সরজমিনে পরিদর্শন করে ব্যবস্থা গ্রহণ করার প্রস্তাব করেন। তাঁর ইউনিয়নের কার্যক্রম যথাযথভাবে চলছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। | ▫ উপজেলা প্রকৌশলী<br>▫ চেয়ারম্যান ও সচিব, গজারিয়া ইউনিয়ন পরিষদ |
| ২৩. | <u>ইউনিয়ন পরিষদ, শিবপুর</u><br>চেয়ারম্যান শিবপুর ইউনিয়ন পরিষদ বা তাঁর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় কার্যক্রম সম্বন্ধে অবহিত হওয়া গেল না। | পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ▫ চেয়ারম্যান ও সচিব, শিবপুর ইউনিয়ন পরিষদ |
| ২০. | <u>ইউনিয়ন পরিষদ, শিমুলকান্দি</u><br>চেয়ারম্যান, শিমুলকান্দি ইউনিয়ন পরিষদ বলেন, তাঁর ইউনিয়নের কার্যক্রম যথাযথভাবে চলছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। | ▫ চেয়ারম্যান ও সচিব, শিমুলকান্দি ইউনিয়ন পরিষদ |
| ২৪. | <u>ইউনিয়ন পরিষদ, শ্রীনগর</u><br>চেয়ারম্যান, শ্রীনগর ইউনিয়ন পরিষদ বলেন, তাঁর ইউনিয়নে কার্যক্রম যথাযথভাবে চলছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। | ▫ চেয়ারম্যান ও সচিব, শ্রীনগর ইউনিয়ন পরিষদ |
| ১৮. | <u>ইউনিয়ন পরিষদ, সাদেকপুর</u><br>চেয়ারম্যান, সাদেকপুর ইউনিয়ন পরিষদ বলেন, তাঁর ইউনিয়নের কার্যক্রম যথাযথভাবে চলছে। | সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনা অব্যাহত রাখতে হবে। | ▫ চেয়ারম্যান ও সচিব, সাদেকপুর ইউনিয়ন পরিষদ |
| ২৫. | <u>**পরিষদের দৈনন্দিন ব্যয় অনুমোদন**</u><br>গত ০১-৩০ এপ্রিল ২০১৮ তারিখ পর্যন্ত রাজস্ব তহবিলের ব্যয় সংক্রান্ত নিম্নোক্ত হিসাব বিবরণী মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, ভৈরব সভায় পেশ করেন। | প্রয়োজনীয়, যুক্তিসংগত ও বিধি মোতাবেক প্রতিপন্ন হওয়ায় বর্ণিত ব্যয় অনুমোদন করা হয়। | ▫ মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ, ভৈরব |

| ক্রম | বিবরণ | খরচ (টাকা) |
|---|---|---|
| ১. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর এপ্রিল ২০১৮ মাসের সম্মানী ভাতা | ৪০,০০০ |
| ২. | চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর এপ্রিল ২০১৮ মাসের ভ্রমণ ভাতা | ৮,১২৫ |
| ৩. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর এপ্রিল ২০১৮ মাসের সম্মানী ভাতা | ২৭,০০০ |
| ৪. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ভৈরব এর এপ্রিল ২০১৮ মাসের সম্মানী ভাতা | ২৭,০০০ |
| ৫. | উপজেলা পরিষদের ০২ জন কর্মচারীর এপ্রিল ২০১৮ মাসের দৈনিক হাজিরার মজুরি প্রদান | ২৩,২০০ |
| ৬. | ফার্নিচার (একটি রিভলভিং চেয়ার ও ৬ টি ভিজিটর চেয়ার) ক্রয় | ৩৯,৯৭০ |
| ৭. | উপজেলা পরিষদেও অফিসের এপ্রিল ২০১৮ মাসের আপ্যায়ন বিল প্রদান | ১৯,৯৯০ |
| ৮. | একটি লেজার প্রিন্টার ক্রয় | ২৩,৫০০ |
| ৯. | উপজেলা পরিষদেও অফিসের এপ্রিল ২০১৮ মাসের আনুষঙ্গিক বিল প্রদান | ৩,৯৯০ |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | ১০. উপজেলা পরিষদের জেনারেটরের তেলের এপ্রিল ২০১৮ মাসের বিল প্রদান — ৫,০০০<br>১১. পরিষদের দোতলায় ব্যবহারের জন্য একটি সাউন্ড সিস্টেম ক্রয় — ৭৫,০০৩ | | |
| ২৬. | <u>উপজেলা পরিষদ কমপ্লেক্স ব্যানার ও পোস্টার মুক্ত রাখা</u><br>দেওয়াল লিখন ও পোস্টার লাগানো (নিয়ন্ত্রণ) আইন, ২০১২ এর ৩ ধারা অনুসারে উপজেলা পরিষদ কমপ্লেক্স ও এর আওতাধীন জায়গায় পোস্টার, ব্যানার বা এ ধরনের প্রচারপত্র লাগানো এবং দেওয়াল লিখন নিষিদ্ধ ঘোষনার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ প্রেক্ষিতে কমপ্লেক্সটি ব্যানার ও পোস্টারমুক্ত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মুখ্য নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিষদ কমপ্লেক্স ও এর আওতাধীন জায়গায় পোস্টার, ব্যানার বা এ ধরনের প্রচারপত্র লাগানো এবং দেওয়াল লিখন মুক্ত রাখা হবে। | ▫ মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার |
| ২৭. | <u>বিকল্প বিদ্যুৎ সরবরাহ</u><br>চেয়ারম্যান, উপজেলা পরিষদ এবং উপজেলা নির্বাহী অফিসারের অফিস ও আবাসিক দপ্তরে পূর্বে একটি সভায় আইপিএস স্থাপনের জন্য স্থানীয় সরকার বিভাগের অনুমতি চাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা প্রকৌশলীকে প্রাক্কলন প্রস্তুতের জন্য অনুরোধ করা হয়। | স্থানীয় সরকার বিভাগের অনুমতি নেওয়া যায়। | ▫ মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>▫ উপজেলা প্রকৌশলী |
| ২৮. | <u>বিভিন্ন সরকারি অনুষ্ঠান সম্প্রচারের জন্য টেলিভিশন সংগ্রহ</u><br>বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবসের উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ অনুষ্ঠান সরাসরি সম্প্রচারের জন্য পূর্বে একটি সভায় একটি তেতাল্লিশ ইঞ্চি পরিমাপের টেলিভিশন ক্রয়ের জন্য স্থানীয় সরকার বিভাগের অনুমতি চাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা প্রকৌশলীকে প্রাক্কলন প্রস্তুতের জন্য অনুরোধ করা হয়। | স্থানীয় সরকার বিভাগের অনুমতি নেওয়া যায়। | ▫ মুখ্য নির্বাহী কর্মকর্তা<br>▫ উপজেলা প্রকৌশলী |
| ২৯. | <u>উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যানদের কক্ষে অনার বোর্ড স্থাপন</u><br>উপজেলা পরিষদের সম্মানিত ভাইস চেয়ারম্যানদের কক্ষে ব্যবহারের জন্য অনার বোর্ড স্থাপনের সিদ্ধান্ত পূর্বের একটি সভায় গৃহীত হলেও বাস্তবায়ন করা হয়নি। সিদ্ধান্তটি বাস্তবায়নের জন্য মুখ্য নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | অবিলম্বে অনার বোর্ড স্থাপন করতে হবে। | ▫ মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ |
| ৩০. | <u>উপজেলা পরিষদ কমপ্লেক্স পরিচ্ছন্নকরণ</u><br>পূর্বে একটি সভায় উপজেলা পরিষদের অভ্যন্তরে অপরিকল্পিতভাবে বেড়ে উঠা আগাছা ও জঙ্গল পরিষ্কারের সিদ্ধান্ত গৃহীত হয় এবং এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মুখ্য নির্বাহী কর্মকর্তাকে অনুরোধ করা হয়। এছাড়া মেহগনি ও অন্যান্য গাছের নিচের দিকের ডালপালা ছেটে ও নারকেল গাছ পরিষ্কার করার জন্যও তাকে অনুরোধ করা হয়। কিন্তু এ কাজে উল্লেখযোগ্য কোন অগ্রগতি নাই। তাকে পরিষদের ক্যাম্পাস পরিষ্কার করার জন্য পুনরায় অনুরোধ করা হয়। | উপজেলা পরিষদের অভ্যন্তরভাগ পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য তাগিদ দেওয়া হয়। | ▫ মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ |
| ৩১. | <u>উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের নির্মাণ কাজ</u><br>ভৈরব উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের নির্মাণ কাজ শেষ হওয়ার নির্ধারিত তারিখ প্রায় দশ মাস আগে অতিক্রান্ত হয়েছে। এখনও এ ভবনের নির্মাণ কাজ শেষ হয়নি এবং অগ্রগতি খুবই হতাশাব্যঞ্জক। এ ব্যাপারে সভায় হতাশা ও ক্ষোভ প্রকাশ করা হয় এবং গুণগত মানবজায় রেখে জনস্বার্থে দ্রুত এ ভবনের নির্মাণ কাজ শেষ করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ভৈরবকে বিশেষভাবে অনুরোধ করা হয়। | দ্রুতগতিতে নির্ধারিত মান বজায় রেখে নির্মাণ কাজ শেষ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | ▫ উপজেলা প্রকৌশলী, এলজিইডি |
| ৩২. | <u>কিশোরগঞ্জ - ভৈরব মহাসড়কের দুই পাশের মৃত গাছ অপসারন</u> | কিশোরগঞ্জ-ভৈরব সড়কের পাশের মৃত বৃক্ষ অপসারনের | |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | কিশোরগঞ্জ - ভৈরব মহাসড়কের দুই পাশে প্রচুর গাছ মৃত অবস্থায় দাড়িয়ে আছে। এসব গাছ পড়ে গিয়ে যেকোন সময় জানমালের ক্ষতিসাধন হতে পারে। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ, কিশোরগঞ্জকে অনুরোধ করা হয়। | ▫ নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ, কিশোরগঞ্জ |
| ৩২. | <u>ভৈরব শহর রক্ষা বাঁধ মেরামত</u><br>ভৈরব শহর রক্ষা বাঁধ বিভিন্ন জায়গায় ক্ষতিগ্রস্থ হয়েছে। সভা হতে এ বাঁধটি মেরামত ও সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পানি উন্নয়ন বোর্ডের দৃষ্টি আকর্ষণ করা হয়। | বাঁধের ক্ষতিগ্রস্থ অংশ মেরামত ও সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ডকে অনুরোধ করা হয়। | ▫ নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, কিশোরগঞ্জ |
| ৩৪. | <u>বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ</u><br>ভৈরব উপজেলা পরিষদের মধ্যে অবস্থিত বিভিন্ন সরকারি দপ্তরের নিকট বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের পচিশ লক্ষ টাকারও বেশি বিল পাওনা রয়েছে মর্মে দেখা যায়। বিদ্যুৎ উন্নয়ন বোর্ড গ্রাহকের নিকট হতে প্রাপ্ত অর্থ দিয়ে তাদের কার্যক্রম পরিচালনা করে। সুষ্ঠুভাবে কার্যক্রম পরিচালনার স্বার্থে স্ব-স্ব দপ্তরকে তাদের বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | স্ব-স্ব দপ্তর তাদের নিকট প্রাপ্য বকেয়া পরিশোধের ব্যবস্থা করবে। | ▫ স্ব-স্ব দপ্তর প্রধান |

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**মো: গিয়াস উদ্দিন**
চেয়ারম্যান
উপজেলা পরিষদ

পত্র নম্বর: ০৫.৪১.৪৮১১.০০০.০৮.০৫০.০৫.৪৭০ তারিখ: ২৭ জুন ২০১৮

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. মাননীয় সংসদ সদস্য, ১৬৭ কিশোরগঞ্জ ৬, বাংলাদেশ জাতীয় সংসদ ও উপদেষ্টা, উপজেলা পরিষদ সাধারণ সভা, ভৈরব, কিশোরগঞ্জ।
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৩. কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৪. পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, কমিশনারের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৫. জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভৈরব, কিশোরগঞ্জ।
৭. মেয়র, ভৈরব পৌরসভা, ভৈরব, কিশোরগঞ্জ।
৮. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভৈরব, কিশোরগঞ্জ।
৯. উপজেলা ______________ কর্মকর্তা, ভৈরব, কিশোরগঞ্জ।
১০. চেয়ারম্যান, সাদেকপুর/আগানগর/শিমুলকান্দি/ গজারিয়া/কালিকাপ্রসাদ/ শিবপুর/ শ্রীনগর ইউনিয়ন পরিষদ, ভৈরব, কিশোরগঞ্জ।
১১. জনাব ..................................................................................................................।
১২. অফিস কপি।

মোহাম্মদ কাজী ফয়সাল
মুখ্য নির্বাহী কর্মকর্তা, উপজেলা পরিষদ
ও উপজেলা নির্বাহী অফিসার
ভৈরব, কিশোরগঞ্জ